# ব্যাংক জব

## বাংলা ভাষা ও সাহিত্য

প্রবাল চক্রবর্তী

# শব্দের শ্রেণিবিভাগ

প্রবাল চক্রবর্তী



# শব্দের ক্ষুদ্রতম অংশ

- বর্ণ
- ধ্বনি
- শব্দের ক্ষুদ্রতম অংশ বর্ণ। শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রতম অংশ রূপ।
- বর্ণ অপশনে না থাকলে ধ্বনি হবে উত্তর।

# শব্দের ক্ষুদ্রতম অংশ

- শব্দের ক্ষুদ্রতম অংশ ?
- শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রতম অংশ "রূপ"
- যেমনঃ হাতল।
- হ + আ + ত + ল
- হাত + অল (এখানে হাত শব্দ এবং রূপ উভয়ই। তাই শব্দের অপর নাম রূপ।)

# শব্দ ও পদের পার্থক্য

- ঢাকা বাংলোদেশের রাজধানী।
- শব্দ যখন বাক্যে ব্যবহৃত হয় তখন তাদের নাম হয় পদ।
- শব্দের সাথে বিভক্তি যুক্ত হলে তা পদ হয়।

লগ্নক

বিভক্তি

নির্দেশক

বচন

বলক

# শব্দ গঠনের প্রধান উপায়

উপসর্গযোগে

প্রত্যয়যোগে

সমাসযোগে

P2A

# বাংলা ভাষার সবচেয়ে বেশি শব্দ গঠিত হয় কোন উপায়ে?

- প্রত্যয়যোগে।

# শব্দ গঠনের অপ্রধান প্রক্রিয়া

- সন্ধিযোগে
- বিভক্তিযোগে
- দ্বিরুক্তি শব্দযোগে
- পদাশ্রিত নির্দেশকের মাধ্যমে
- বাক্য সংকোচনের মাধ্যমে

# বাংলা শব্দ ভান্ডার

গঠন অনুসারে - **২ ভাগে**

অর্থানুসারে - **৩ ভাগে**

উৎপত্তি অনুসারে – ৪ ভাগে বা **৫ ভাগে**

গদু অতি উপরে

# বাংলা শব্দ ভান্ডারকে বিভিন্ন বিবেচনায় ভাগ করা যায় (নতুন বই)

উৎস বিবেচনা – ৪ শ্রেণিতে

গঠন বিবেচনা - ২ শ্রেণিতে

পদ বিবেচনা - ৮ প্রকার


# শব্দের গঠনমূলক শ্রেণিবিভাগ

মৌলিক

সাধিত

# মৌলিক শব্দ

যে সব শব্দকে ভাঙলে আর কোন অর্থসঙ্গতিপূর্ণ শব্দ পাওয়া যায় না, তাকে মৌলিক শব্দ বলে।



# মৌলিক শব্দ

- এক অক্ষর বিশিষ্ট শব্দ
- বিভক্তিহীন শব্দ।
- প্রকৃতি বা প্রাতিপাদিক।



# মৌলিক শব্দ

গাছ

# মৌলিক শব্দ

চাঁদ, গাছ, পাখি,
ফুল, হাত, গোলাপ

# মৌলিক শব্দ

মৌলিকশব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ

বিভক্তিহীন নামশব্দ (প্রাতিপদিক)

প্রকৃতি

শব্দ প্রকৃতি / নাম প্রকৃতি



# সাধিত শব্দ

যে সব শব্দকে বিশ্লেষণ করলে অর্থসঙ্গতিপূর্ণ ভিন্ন একটি শব্দ পাওয়া যায়, তাদেরকে সাধিত শব্দ বলে। মূলত, মৌলিক শব্দ থেকেই বিভিন্ন ব্যাকরণসিদ্ধ প্রক্রিয়ায় সাধিত শব্দ গঠিত হয়।

মৌলিক শব্দ সমাসবদ্ধ হয়ে কিংবা প্রত্যয় বা উপসর্গ যুক্ত হয়ে সাধিত শব্দ গঠিত হয়।

# মৌলিক থেকে সাধিত

| মৌলিক | সাধিত |
|---|---|
| হাত | হাতা/ হাতি/ হাতল |
| ফুল | ফুলেল |
| গোলাপ | গোলাপি |
| কলম | কলমি |
| গাছ | গাছের |
| পাখি | পাখিসব |
| চুল | চুলা |
| মুখ | মুখরা |
| বই | বইয়ের |

# সাধিত শব্দ

হাতল, নীলাকাশ, চাঁদমুখ, বিহার

পরিচালক, গরমিল, সম্পাদকীয়, ইত্যাদি।

**শব্দের দ্বিত্ব** করেও সাধিত শব্দ হয়ে থাকে।

যেমন: ফিসফিস, ধুমাধুম।

# অর্থমূলক শ্রেণিবিভাগ

- যৌগিক শব্দ
- রূঢ় বা রূঢ়ি শব্দ
- যোগরূঢ় শব্দ

# অর্থমূলক শ্রেণিবিভাগ

**ব্যুৎপত্তিগত অর্থ:** কোন শব্দ যে শব্দ বা শব্দমূল হতে গঠিত হয়েছে তার অর্থ দিয়ে শব্দটির যে অর্থ ধারণ করার কথা, তাকে শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ বলে। অর্থাৎ, উৎপত্তিগত ভাবে শব্দটির যে অর্থ দাঁড়ায়, তাকেই ব্যুৎপত্তিগত অর্থ বলে।

**ব্যবহারিক অর্থ:** কোন শব্দ প্রকৃতঅর্থে যে অর্থে ব্যবহৃত হয়, বা যে অর্থ প্রকাশ করে, তাকে সেই শব্দের ব্যবহারিক অর্থ বলে।

# ব্যুৎপত্তিগত অর্থ / ব্যবহারিক অর্থ



গোলাপি-

গবেষণা-

হস্তী-



# যৌগিক শব্দ

যে সব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ব্যাবহারিক অর্থ **একই** তাদের যৌগিক শব্দ বলে।



| মূল শব্দ | শব্দ গঠন(অর্থ) | অর্থ |
|---|---|---|
| গায়ক | √গৈ+ণক(অক) | যে গান করে |
| কর্তব্য | √কৃ+তব্য | যা করা উচিত |
| পক্ষী | পক্ষ + ইন | যার পক্ষ বা ডানা আছে |

| মূল শব্দ | শব্দ গঠন (অর্থ) | অর্থ |
|---|---|---|
| মধুর | মধু+র | মধুর মত মিষ্টি গুণযুক্ত |
| দৌহিত্র | দুহিতা+ষ্ণ্য (দুহিতা= মেয়ে) | কন্যার পুত্র, নাতি |
| মিতালি | মিতা + আলি | বন্ধুর মতো ভাব |

# আরো কিছু যৌগিক শব্দ

| | | | |
|---|---|---|---|
| গায়ক | বাবুয়ানা | দৌহিত্র | মিতালি |
| দাতা | কর্তব্য | মধুর | চিকামারা |
| পক্ষী | গমন | পিতৃহীন | গোলাপি |

# যৌগিক শব্দ

| শব্দ | ব্যুৎপত্তিগত অর্থ | ব্যাবহারিক অর্থ |
|---|---|---|
| গায়ক | √গৈ + ণক (অক) | গান করে যে |
| বাবুয়ানা | বাবু + আনা | বাবুর ভাব |
| দৌহিত্র | দুহিতা + অ | কন্যার পুত্র, নাতি |
| মধুর | মধু + র | মধুর মতো মিষ্টি |
| মিতালি | মিতা + আলি | বন্ধুর মতো ভাব |
| দাতা | √দা + তৃচ্ | যিনি দান করেন |
| অণ্ডজ | অণ্ড + √জন্ + অ | ডিম হতে যে জীবের উৎপত্তি, ডিম্বজাত |

# যৌগিক শব্দ

| শব্দ | ব্যুৎপত্তিগত অর্থ | ব্যাবহারিক অর্থ |
|---|---|---|
| কর্তব্য | √কৃ + তব্য | যা করা উচিত |
| চিকামারা | চিকা + মারা | দেয়ালের লিখন |
| পক্ষী | পক্ষ + ইন | যার পক্ষ আছে |
| গমন | √গম + অন | যাওয়া বা যাওয়ার ভাব |
| পিতৃহীন | পিতৃ + হীন | যার পিতা নেই |
| গোলাপি | গোলাপ + ই | গোলাপের মত হালকা রং |
| পাগলামি | পাগল + আমি | পাগলের মত ভাব |

# মনে রাখার সহজ টেকনিক

মধুর গায়ক কর্তব্য না করে বাবুয়ানা ভাব করে রাঁধুনি দৌহিত্রকে নিয়ে চিকামারাতে গিয়ে দেখল পিতৃহীন চালক, পাঠক মিতালীর সঙ্গে পাগলামি করছে।



# মনে রাখা যায় এভাবেও

- পিতৃহীন গায়ক মধু বাবুর কর্তব্য লাজুক দৌহিত্র গোলাপি এবং চালক মিতালির বাসার সামনে পাগলামি করা এবং চিকামারা

# রূঢ় বা রূঢ়ি শব্দ

**প্রত্যয় বা উপসর্গ** যোগে গঠিত যে সব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ আলাদা হয়, তাদেরকে রূঢ় বা রূঢ়ি শব্দ বলে।

# রূঢ় বা রূঢ়ি শব্দ

বুৎপত্তিগত অর্থ:

পাঞ্জাবের অধিবাসী





# রূঢ় বা রূঢ়ি শব্দ

ব্যাবহারিক অর্থ: পাঞ্জাবি

# স্নাতক

বুৎপত্তিগত অর্থ: স্নানকারী

ব্যাবহারিক অর্থ: ব্যাচেলর ডিগ্রিপ্রাপ্ত ব্যক্তি



| মূল শব্দ | শব্দ গঠন | ব্যুৎপত্তিগত অর্থ | ব্যবহারিক/ মূল অর্থ |
|---|---|---|---|
| লাবণ্য | লবণ + য | লবণের মতো | সৌন্দর্য |
| গবেষণা | গো+এষণা | গরু খোঁজা | ব্যাপক অধ্যয়ন ও পর্যালোচনা |
| বাঁশি | বাঁশ+ইন | বাঁশ দিয়ে তৈরি | বাঁশের তৈরি বিশেষ বাদ্যযন্ত্র |

| মূল শব্দ | শব্দ গঠন | ব্যুৎপত্তিগত অর্থ | ব্যবহারিক/ মূল অর্থ |
|---|---|---|---|
| তৈল | তিল+ষ্ণ্য | তিল থেকে তৈরি স্নেহ পদার্থ | উদ্ভিদ থেকে তৈরি যে কোন স্নেহ পদার্থ |
| প্রবীণ | প্র+বীণা | প্রকৃষ্টরূপে বীণা বাজায় যিনি | অভিজ্ঞ বয়স্ক ব্যক্তি |
| হরিণ | হৃ + ইন | হৃদয় হরণকারী | পশু বিশেষ |

# আরো কিছু রূঢ়ি শব্দ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| প্রবীণ | হস্তী | গবেষণা | সন্দেশ | বাঁশি | হরিণ |
| উপসর্গ | তৈল | শ্বশুর | গবাক্ষ | স্নাতক | পাঞ্জাবি |
| | পলাশ | জ্যাঠামি | লাবণ্য | কুশল | |

# রূঢ় বা রূঢ়ি শব্দ

| শব্দ | বিশ্লেষণ রূপ | ব্যুৎপত্তিগত অর্থ | ব্যাবহারিক অর্থ |
|---|---|---|---|
| প্রবীণ | প্র + বীণ | প্রকৃষ্ট বীণা বাজাতে পারেন এমন | বয়স্ক ব্যক্তি, বৃদ্ধ, প্রাচীন ব্যক্তি |
| হস্তী | হস্ত + ইন্ | হস্ত আছে যার | পশুবিশেষ |
| গবেষণা | গো + এষণা | গোরু খোঁজা | ব্যাপক পর্যালোচনা |
| সন্দেশ | সম্ + দেশ | সংবাদ, খবরাখবর | মিষ্টান্ন বিশেষ |
| বাঁশি | বাঁশ + ই | বাঁশ দিয়ে তৈরি যে কোনো বস্তু | এক ধরনের বাদ্যযন্ত্র |
| হরিণ | √হৃ + ইন | হৃদয় হরণকারী | পশুবিশেষ |
| উপসর্গ | উপ + সর্গ | আগের বা পূর্বের অধ্যায় | রোগের লক্ষণ |
| তৈল | তিল + ষ্ণ | তেলের তৈরি যে কোনো পদার্থ | উদ্ভিজ্জ স্নেহ পদার্থ |
| গবাক্ষ | গো + অক্ষ | গোরুর চোখ | জানালা |
| স্নাতক | স্নাত + ক | স্নানকারী | ব্যাচেলর ডিগ্রিপ্রাপ্ত |
| পাঞ্জাবি | পাঞ্জাব + ই | পাঞ্জাবের অধিবাসী | পোশাক বিশেষ |
| পলাশ | পল + আশ | পল (মাংস) মিশ্রিত ভাত | ফুলবিশেষ |
| জ্যাঠামি | জ্যাঠা + আমি | জ্যাঠার (চাচা) মতো কাজ | চাপল্য, চঞ্চল, অস্থির |
| লাবণ্য | লবণ + য | লবণের মতো | সৌন্দর্য, সুন্দর |
| কুশল | কুশ + অল | কুশ(খড়) আনে যে | মঙ্গল বা কল্যাণ |

# রূঢ়ি শব্দ মনে রাখার সহজ টেকনিক



প্রবীণ
জ্যাঠামি
তৈল
সন্দেশ
পাঞ্জাবি
গবেষণা
স্নাতক
লাবণ্য

উপসর্গ
বাঁশি
কুশল
হরিণ
গবাক্ষ
পলাশ
হস্তী

# যোগরূঢ় শব্দ

**সমাস নিষ্পন্ন** যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদ সমূহের অনুগামী না হয়ে কোন বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদেরকে যোগরূঢ় শব্দ বলে।

জলধি

জল ধারণ করে যা





# রাজপুত

সমাসবাক্য: রাজার পুত্র



একটি জাতি বিশেষ, ভারতের একটি জাতি

# যোগরূঢ় শব্দ

| মূল শব্দ | সমাসবাক্য/স্বাভাবিক অর্থ | ব্যবহারিক অর্থ |
|---|---|---|
| পঙ্কজ | পঙ্কে জন্মে যা | পদ্মফুল |
| রাজপুত | রাজার পুত্র | একটি জাতি বিশেষ, ভারতের একটি জাতি |
| মহাযাত্রা | মহাসমারোহে যাত্রা | মৃত্যু |
| জলধি | জল ধারণ করে যা/ এমন | সাগর |

# যোগরূঢ় শব্দ

| মূল শব্দ | সমাসবাক্য/স্বাভাবিক অর্থ | ব্যবহারিক অর্থ |
|---|---|---|
| অচল | যা নড়াচড়া করে না | পর্বত |
| জলধর | জলকে ধরে রাখে যে | মেঘ |
| সরোজ | সরোবরে জন্মে যা | পদ্মফুল |

# আরো কিছু যোগরূঢ় শব্দ

| | | | | |
|---|---|---|---|---|
| জলদ | জলধি | রাজপুত | মহাযাত্রা | পঙ্কজ |
| বলদ | সরোজ | উদ্ভিদ | বেতার | সুহৃদ |
| অচল | আদিত্য | অসুখ | জলধর | তুরঙ্গম |

| শব্দ | বিশেষ অর্থ | স্বাভাবিক অর্থ |
| --- | --- | --- |
| জলদ | মেঘ | জল দেয় যা |
| উদ্ভিদ | বৃক্ষ | মাটি ভেদ করে উঠে যা |
| জলধি | সমুদ্র | জল ধারণ করে এমন কলসি |
| রাজপুত | জাতি বিশেষ | রাজার পুত্র |
| মহাযাত্রা | মৃত্যু | মহা সমারোহে যাত্রা |
| পঙ্কজ | পদ্মফুল | পঙ্কে জন্মে যা |
| বলদ | গোরু | বল দেয় যা (মেশিন |
| সরোজ | পদ্মফুল | সরোবরে জন্মে যা |
| অচল | পর্বত | যা নড়াচড়া করে না (জড় পদার্থ) |
| আদিত্য | সূর্য | অদিতির পুত্র বা সব দেবতা |
| অসুখ | রোগ | নেই সুখ যার |
| জলধর | মেঘ | জল ধারণ করে এমন কলসি |
| তুরঙ্গম | ঘোড়া | যে বেগে গমন করে |
| বেতার | বাদ্যযন্ত্র | নেই তার যার (রেডিও) |
| সুহৃদ | বন্ধু | সুন্দর হৃদয় যার |
| | | |

# প্রশ্নোত্তর

নিচের কোনটি মৌলিক শব্দ?

ক) কাব্য

খ) দ্বীপ

গ) ছিন্ন

ঘ) কাজ

প্রবীণ কোন শ্রেণীর শব্দ?

লাজুক কোন শ্রেণীর শব্দ?

পঙ্কজ কোন শ্রেণীর শব্দ?

# Thank You So Much

নিরন্তর শুভকামনা সকলের জন্য।